

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ-কর কমিশনারের কার্যালয়  
সার্কেল-৯৫(কোম্পানীজ)  
কর অঞ্চল-৫  
২৮/এফ, সেগুনবাগিচা(৪র্থ তলা), ঢাকা।

DIR	CEC	ASST
Ch. Ex. (P)	Ch. Ex. (P)	Ch. Ex. (P)
Ch. Ex. (P)	Ch. Ex. (P)	Ch. Ex. (P)
Ch. Ex. (P)	Ch. Ex. (P)	Ch. Ex. (P)
Ch. Ex. (P)	Ch. Ex. (P)	Ch. Ex. (P)
Ch. Ex. (P)	Ch. Ex. (P)	Ch. Ex. (P)
Ch. Ex. (P)	Ch. Ex. (P)	Ch. Ex. (P)
Ch. Ex. (P)	Ch. Ex. (P)	Ch. Ex. (P)
Ch. Ex. (P)	Ch. Ex. (P)	Ch. Ex. (P)
Ch. Ex. (P)	Ch. Ex. (P)	Ch. Ex. (P)

নং-বিবিধ/সা-৯৫(কোম্পানীজ)/কঅ-৫/২০১৪-১৫/৯৯

তারিখ-৩০/৮/২০১৪ইং।

মহাপরিচালক  
সমুদ্র পরিবহন অধিদপ্তর  
১৪১-১৪৩, মতিঝিল বা/এ  
বিআইডাব্লিউটিএ ভবন (৮ম তলা)  
ঢাকা।

বিষয়ঃ- অভ্যন্তরীণ নৌপথে যাত্রী পরিবহন এবং মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কোস্টার ও ডাম্পবার্জ এর অনুমিত আয়কর প্রদানের হার পরিবর্তনের বিষয়ে অবহিত করন পত্র প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করিতেছি।

জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.১২, তারিখ-২৯-০৭-২০১২ এর মাধ্যমে অভ্যন্তরীণ নৌপথে যাত্রী পরিবহন এবং মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কোস্টার ও ডাম্পবার্জ এর অনুমিত আয়কর (এসআরও নং-১৭৩-আয়কর/২০০৯ এর মাধ্যমে প্রদেয়) কর অঞ্চল-৫, ঢাকা এর অধিক্ষেত্রে ন্যস্ত করা হইয়াছে। সেই হিসাবে কর অঞ্চল-৫, ঢাকা'র সার্কেল-৯৫(কোম্পানীজ) কে উল্লেখিত নৌ-যানের অনুমিত আয়কর আদায়ের দায়িত্ব প্রদান করা হইয়াছে। আপনি নিশ্চয় অবগত আছেন যে, এস.আর. ও নং-১৬২/আইন/আয়কর/২০১৪, তারিখ-২৬/৬/২০১৪ইং এর মাধ্যমে ২৭শে জুন ২০১২ইং তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং-২২৪-আইন/আয়কর/২০১২ এ উল্লেখিত অনুমিত আয়কর হারে নিম্নলিখিত সংশোধন করা হইয়াছে (ফটোকপি সংযুক্ত) :

দফা (ক) এ নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের রেজিস্ট্রেশনের তারিখ হইতে ১০বৎসর অতিক্রান্ত না হইয়া থাকে এবং নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিবেন-

- অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ৭৫/-টাকার পরিবর্তে ১০০/-টাকা।
- অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো বা কোস্টারের ক্ষেত্রে উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে এস টনেজপ্রতি ১০০/-টাকার পরিবর্তে ১৩৫/-টাকা।
- অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে এস টনেজপ্রতি ৭৫/-টাকার পরিবর্তে ১০০/-টাকা।

দফা (খ) এ নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের রেজিস্ট্রেশনের তারিখ হইতে ১০বৎসর অতিক্রান্ত হইয়া থাকে এবং নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিবেন-

- অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ২৫/-টাকার পরিবর্তে ৪০/-টাকা।

- খ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো বা কোস্টারের ক্ষেত্রে উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজপ্রতি ৩৫/-টাকার পরিবর্তে ৬০/-টাকা।
- গ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজপ্রতি ২৮/-টাকার পরিবর্তে ৫০/-টাকা।

উল্লিখিত অনুমিত করের হার ১লা জুলাই/২০১৪ইং তারিখ হইতে কার্যকর হইয়াছে এবং সেই অনুসারে অনুমিত কর গ্রহণ করতঃ অভ্যন্তরীণ নৌপথে যাত্রী পরিবহন এবং মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কোস্টার ও ডাম্পবার্জ এর রেজিস্ট্রেশন নবায়নের নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হইল।

জাতীয় রাজস্বের স্বার্থে বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

( হাসিনা আক্তার খান )  
উপ-কর কমিশনার

সার্কেল-৯৫ (কোম্পানীজ), কর অঞ্চল-৫, ঢাকা।  
ফোন-৯৩৫৪২০৮।

তাং- /৮/২০১৪ইং।

নং-বিবিধ/সা-৯৫(কোম্পানীজ)/কঅ-৫/২০১৪-১৫/

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ০১। সভাপতি, বাংলাদেশ কার্গো ভেসেল ওনার্স এ্যাসোসিয়েশন, আকরাম টাওয়ার (৬ষ্ঠ তলা), রুম নং-১ ও ২, ১৫৫, বিজয়নগর, ঢাকা।
- ০২। সাধারণ সম্পাদক, বাংলাদেশ কার্গো ভেসেল ওনার্স এ্যাসোসিয়েশন, আকরাম টাওয়ার (৬ষ্ঠ তলা), রুম নং-১ ও ২, ১৫৫, বিজয়নগর, ঢাকা।

( হাসিনা আক্তার খান )

উপ-কর কমিশনার  
সার্কেল-৯৫ (কোম্পানীজ), কর অঞ্চল-৫, ঢাকা।  
ফোন-৯৩৫৪২০৮।